



ভারতের দীর্ঘস্থায়ী  
কীটনাশক জালের  
(LLIN) উৎপাদক,  
রেজিস্ট্রেশন  
হোল্ডার এবং  
ব্যবহারকারীদের  
জন্য নির্দেশিকা



DO NOT PRINT

ভারতের দীর্ঘস্থায়ী কীটনাশক  
জালের (LLIN) উৎপাদক,  
রেজিস্ট্রেশন হোল্ডার এবং  
ব্যবহারকারীদের জন্য  
নির্দেশিকা

সৌজন্যে  
টক্সিক্স লিঙ্ক, নিউ দিল্লি



Toxics Link  
for a toxics-free world

## সতর্কবার্তা

এই নির্দেশিকায় দেওয়া তথ্যগুলি ভারত সরকার এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারের দ্বারা বিভিন্ন সময়ে জারি করা বিভিন্ন আইন, নিয়মাবলী, আদেশ এবং নির্দেশাবলীর থেকে এক জায়গায় একত্রিত করা হয়েছে। এই নির্দেশিকাটি 2021-22 সালে খসড়া করা হয়েছে। এই দস্তাবেজটি একটি অনানুষ্ঠানিক রেফারেন্স হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে, তাই, এই নির্দেশিকাগুলি কোনও নিয়মাবলীর প্রয়োজনীয়তা প্রতিস্থাপন করে না। এছাড়াও, শুধুমাত্র বিভিন্ন নিয়ম নীতিগুলি সনাক্ত করে পরামর্শ প্রদানের উদ্দেশ্যে এই দস্তাবেজে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে “নির্দেশনা,” “হতে পারে,” “উচিত”, এবং “সম্ভব” এর মতো অনাদেশিক শব্দের ব্যবহার করা হয়েছে ফলত এটি কোনও নতুন আন্তর্জাতিক, জাতীয়, আঞ্চলিক, রাষ্ট্রীয়, স্থানীয় আইনের আইনি বাধ্যবাধকতা তৈরি বা আইনের আঙ্গিক কে সীমাবদ্ধ বা প্রসারিত করে না।

# সূচীপত্র

সার-সংক্ষেপ	2
সতর্কবার্তা	3
স্বীকৃতি	4
সংক্ষেপণ	4
<b>1. এলএলআইএনের প্রস্তুতকারকের জন্য নির্দেশিকা</b>	<b>5</b>
1.1 LLIN উৎপাদনের জন্য নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা	6
1.1.1 CIB&RC র কাছে এলএলআইএনের নথিভুক্তিকরণ	8
1.1.2 চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ	9
1.1.3 কাঁচামাল এবং LLIN জাতীয় দ্রব্যের গুণাগুণ সংক্রান্ত নির্দেশিকা	10
1.2 প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুল, 2016 অনুসারে উৎপাদকের দায়িত্ব ও কর্তব্য	10
1.3 এলএলআইএনের প্রযুক্তিগত বৈশিষ্ট্য	10
1.4 ব্যবহার, পরিবহণ এবং সংরক্ষণ করার পদ্ধতি	11
<b>2. এলএলআইএনের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশিকা</b>	<b>11</b>
2.1 জনস্বাস্থ্য প্রকল্পে অনুমোদিত এলএলআইএনের ব্যবহার/ অন্তর্ভুক্তিকরণ	13
2.2 রেজিস্ট্রেশন হোল্ডারের দ্বারা জনস্বাস্থ্য মূলক কর্মসূচীর মাধ্যমে এলএলআইএনের বানিজ্যিকীকরণ	14
<b>3. এলএলআইএনের ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা</b>	<b>15</b>
3.1 এলএলআইএনের বণ্টনের জন্য যারা প্রাপক	16
3.1.1 NVBDCP এর কেনা LLIN সরবরাহকারীদের জন্য নির্দেশিকা – রাজ্য এবং জেলা স্তরে নানা রকম সার্ভিস প্রদানকারী যেমন প্রযুক্তিগত, প্রশাসনিক এবং লজিস্টিক সংক্রান্ত দায়িত্বের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য	16
3.1.2 রাজ্য/জেলা থেকে ব্লক/ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র/ স্বাস্থ্য উপকেন্দ্রগুলিতে এলএলআইএনের বণ্টন	17
3.1.3 জনসাধারণের মধ্যে এলএলআইএনের বণ্টন	18
3.2 সর্বশেষ ব্যবহারকারী/ উপভোক্তা, অর্থাৎ, নির্ধারিত জনসাধারণ	19
পরিশিষ্ট	20
তথ্যসূত্র	24

## চিত্রের তালিকা

চিত্র 1. ভারতে একটি নতুন ব্যবসা/কারখানা স্থাপনের প্রয়োজনীয় প্রক্রিয়া	7
চিত্র 2. NVBDCP এর অধীনে জনস্বাস্থ্য কর্মসূচিতে এলএলআইএনের অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ	13
চিত্র 3. NVBDCP-এর অধীনে উপভোক্তাদের জন্য LLIN সরবরাহ এবং বিতরণ	15

# সার-সংক্ষেপ

ভারত সরকার 2002 সালের মে মাসে পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যান্ট (পপ) সংক্রান্ত স্টকহোম চুক্তি সই করেছিল এবং পরবর্তীকালে 2006 এর 13 ই জানুয়ারী এই চুক্তিটি অনুমোদন করে 2004 সালে, যবে থেকে এই স্টকহোম চুক্তিটি কার্যকর হয়েছে, তখন থেকেই ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন (DDT) কে পপস হিসাবে মনোনীত করা হয়েছে। যদিও, ভারত এবং অন্যান্য কিছু দেশ বাহক নিয়ন্ত্রণের ক্ষেত্রে এই DDT ব্যবহারে ছাড় চেয়েছে। ভারত বরাবরই DDT উৎপাদনের ক্ষেত্রে প্রথমসারিতে থেকেছে এবং এখনও ভারতে DDT উৎপাদন অব্যাহত। রাষ্ট্রীয় মালিকানাধীন হিন্দুস্তান ইন্সেকটিসাইডস লিমিটেড (HIL) সারা বিশ্বে DDTর একমাত্র অনুমোদিত উৎপাদক। ভারত সরকার স্টকহোম চুক্তির দায়বদ্ধতা হিসেবে 2011 সালে ন্যাশনাল ইমপ্লিমেন্টেশন প্ল্যান (NIP) জমা করে। সেই NIPতে ধীরে ধীরে DDT ফেজ আউট করার এবং একই সাথে DDTর বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যান্ট তৈরি করা এবং তার প্রচার করার একটি রূপরেখা দেওয়া হয়েছে। NIP পরবর্তী সময়ে এই বিকল্পের প্রচারকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে যা অবিলম্বে মনোযোগ এবং পদক্ষেপের দাবী রাখে।

ভারতে, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অন্তর্গত ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রলের (NCVBDC) ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) ম্যালেরিয়া বাহক নিয়ন্ত্রণে মহামারীর প্রভাব এবং কীটনাশকের প্রতিরোধক হিসেবে DDTর ব্যবহার করছে। কিন্তু যেহেতু ভারত DDT ফেজ আউটে প্রতিশ্রুতিবদ্ধ, তাই ভারত সরকার তাদের NVBDCP কর্মসূচীর মাধ্যমে ইন্টিগ্রেটেড ভেক্টর পেস্ট ম্যানেজমেন্ট (IVPM) ভিত্তিক বিকল্প বাহক নিয়ন্ত্রণ কৌশলকে প্রাধান্য দিচ্ছে। IVPM এর অন্তর্ভুক্ত উল্লিখিত উদ্যোগগুলি হল জৈবিক নিয়ন্ত্রণ, রাসায়নিক নিয়ন্ত্রণ, এবং পরিবেশের সুব্যবস্থাপনা, অথবা, আইনি ব্যবস্থা এবং বিকল্প পছুর সহযোগে এই সবগুলিকে একসাথে কার্যকরী করা।

স্টকহোম চুক্তির দায়বদ্ধতা হিসেবে DDTর পরিবেশ বান্ধব বিকল্প এনে DDT ফেজ আউট করার উদ্দেশ্যে বর্তমানে ভারত সরকার গ্লোবাল এনভায়রনমেন্ট ফেসিলিটির (GEF) একটি প্রকল্প, যার নাম, “ডেভেলপমেন্ট অ্যান্ড প্রমোশন অফ নন-পপস অল্টারনেটিভ টু DDT” এর বাস্তবায়ন করছে। সেই কারণেই, এই নির্দেশিকাটি উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য তৈরি করা হয়েছে যার সাহায্যে তারা DDTর বিকল্প ব্যবহারের আইনি দিকগুলো মেনে চলতে পারে এবং DDTর পরিবর্তে পরিবেশবান্ধব বিকল্প বেছে নেওয়া সঠিকভাবে সম্পন্ন হয়। এই নির্দেশিকাটির মূল উদ্দেশ্য হল জৈব এবং উদ্ভিদজাত কীটনাশক এবং অন্যান্য স্থানীয় ভাবে উপযোগী, সস্তা ও টেকসই যে বিকল্পগুলি রয়েছে, যেমন লগু লাস্টিং ইনসেকটিসাইডাল নেট (LLIN), BT-জাত দ্রব্য এবং নিম-জাত দ্রব্যকে নিয়ে আসার রাস্তা সহজ করা। এই ধরনের বিকল্পগুলি, DDTর উপর নির্ভরশীলতা কমানো এবং অবশেষে পুরোপুরি বাদ দেওয়া, খাদ্য নিরাপত্তা, জীবিকা, মানুষের স্বাস্থ্য এবং পরিবেশের রক্ষার প্রথম পদক্ষেপ।

এই নির্দেশিকায় দেওয়া তথ্যগুলি উপযোগী আইন, অন্যান্য সরকারি সূত্র এবং বিভিন্ন স্টকহোল্ডারের সঙ্গে আলোচনার সময়ে প্রাপ্ত মূল্যবান মতামতের ভিত্তিতে সংযোজিত করা হয়েছে। এই স্টকহোল্ডারদের মধ্যে উল্লেখযোগ্য হল সরকারি সংস্থা যেমন পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC), ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC), আয়ুশ মন্ত্রণালয়, ছত্তিসগড়, পাঞ্জাব, ওড়িশা এবং পশ্চিমবঙ্গের রাজ্যস্তরীয় বাহক বোর্ন ডিজিজ কন্ট্রলের কর্মীবৃন্দ, এবং উৎপাদক যেমন HIL(ইন্ডিয়া) লিমিটেড, অজয় বায়োটেক (ইন্ডিয়া) লিমিটেড এবং ভেস্তারগার্ড।



# স্বীকৃতি

টেক্সটিল লিংক ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম (UNEP) কে আন্তরিক ধন্যবাদ জানায় যে DDT র ব্যবহার বন্ধ হওয়ার প্রেক্ষাপটে ভেক্টর নিয়ন্ত্রণের জন্য বিকল্প পণ্যগুলিতে প্রযোজক, নিবন্ধন ধারক এবং ব্যবহারকারীদের জন্য এই নির্দেশিকা নথি প্রস্তুত করার কাজটি অর্পণ করার জন্য। এই নথিটি গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ উপাদান যার শিরোনাম “ডেভেলপমেন্ট অ্যান্ড প্রমোশন অফ নন-পপস অন্টারনেটিভ টু DDT”

এই প্রকল্প বাস্তবায়নে শুরু থেকে সহায়তার জন্য আমরা আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রককে (MoEF&CC) ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর স্বাস্থ্য পরিষেবা মহাপরিচালককে, ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রককে। আমরা বিশেষ ধন্যবাদ জানাতে চাই ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর বাহক নিয়ন্ত্রন বিশেষজ্ঞ ড. কল্পনা বড়ুয়াকে, তার প্রযুক্তিগত সহায়তার জন্য এবং বিভিন্ন রাজ্যগুলিতে আমাদের সফরের ব্যবস্থা করে দেওয়ার জন্য। দস্তাবেজে প্রয়োজনীয় মতামত এবং পরামর্শের জন্য আমরা কেন্দ্রীয় কীটনাশক বোর্ড এবং নিবন্ধন কমিটি (CIB&RC), ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস এবং ভারত সরকারের আয়ুশ মন্ত্রকের প্রতিনিধিদের কাছেও কৃতজ্ঞ।

পরিদর্শনের সময় লজিস্টিক সহায়তা প্রদানের জন্য আমরা ছত্তিশগড় এবং পাঞ্জাব সরকারের স্বাস্থ্য বিভাগকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। প্রাথমিকস্তরে স্টেকহোল্ডারদের সাথে আলোচনার সময় ছত্তিশগড় এবং পাঞ্জাবের রাজ্য VBDCP আধিকারিক এবং বস্তার, ছত্তিশগড় এবং ময়ূরভঞ্জ, ওড়িশার জেলা প্রোগ্রাম আধিকারিকদের দেওয়া মতামতগুলিও অনস্বীকার্য।

আমরা নথি তৈরির ক্ষেত্রে HIL(ইন্ডিয়া) লিমিটেড, অজয় বায়োটেক (ইন্ডিয়া) লিমিটেড এবং ভেস্তারগার্ড থেকে প্রাপ্ত মূল্যবান মতামত গুলিও স্বীকার করি। স্টেকহোল্ডারদের সাথে বৈঠকের সময়, আমরা কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, UNIDO, CSIR-NEERI, নাগপুর এবং রাজ্য VBDCP আধিকারিকদের, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের আধিকারিকদের, রাজ্যের কৃষি বিভাগের আধিকারিকদের, NGO এবং ওড়িশা ও পশ্চিমবঙ্গের অন্যান্য ভেক্টর নিয়ন্ত্রণ বিশেষজ্ঞদের কাছে তাদের মতামত এবং পরামর্শের জন্য কৃতজ্ঞ। আমরা ড. প্রদীপ কে. শ্রীবাস্তব (প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর, NVBDCP) দ্বারা প্রদত্ত প্রযুক্তিগত জ্ঞান এবং সহায়তাকেও স্বীকার করতে চাই, যা নথিগুলিকে চূড়ান্ত আকার দিতে সাহায্য করেছে।

আমরা টেক্সটিল লিঙ্কের সহকর্মীদের সহায়তা স্বীকার করি যারা এই নথিগুলি তৈরি করার জন্য প্রশাসনিক এবং প্রযুক্তিগত সাহায্য করেছে।

# সংক্ষেপণ

<b>BIS</b>	ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড
<b>CIB&amp;RC</b>	সেন্ট্রাল ইন্সপেক্টিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি
<b>CMSS</b>	সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি
<b>DDT</b>	ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন
<b>DPIIT</b>	ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড
<b>ICMR</b>	ইন্ডিয়ান কাউন্সিল ফর মেডিক্যাল রিসার্চ
<b>IEC</b>	ইনফরমেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন
<b>IS</b>	ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড
<b>LLIN</b>	লঙ লাস্টিং ইন্সপেক্টিসাইডাল নেট
<b>MoHFW</b>	স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়
<b>NCDC</b>	ন্যাশনাল সেন্টার ফর ডিসিজ কন্ট্রোল
<b>NCVBDC</b>	ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল
<b>NVBDCP</b>	ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম
<b>PPQS</b>	ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেন্টাইন অ্যান্ড স্টোরেজ
<b>WHO</b>	ওয়ার্ল্ড হেলথ অরগানাইসেশন
<b>WHOPES</b>	ওয়ার্ল্ড হেলথ অরগানাইসেশন পেস্টিসাইড ইন্ডালুয়েশন স্কিম

DO NOT PRINT



# ভারতের দীর্ঘস্থায়ী কীটনাশক জালের (LLIN) উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

এই নেটের গায়ে রাসায়নিক কীটনাশক লাগানো থাকে এবং সেই কারণেই এটি মানুষের স্বাস্থ্য এবং পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। সেজন্য ভারতে **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971** এ উৎপাদক এবং রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য পর্যাপ্ত পরিমাণে রক্ষণমূলক পদক্ষেপের বিবৃতি দেওয়া আছে, যাতে করে তারা এলএলআইএনের উৎপাদন এবং নথিভুক্তিকরণের বিভিন্ন পর্যায়ে সেই নিয়মগুলি মেনে চলতে পারে। এই আইন এবং এই বিধির কিছু গুরুত্বপূর্ণ শর্ত এই নির্দেশিকার বিভিন্ন অধ্যায়ে সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

**কীটনাশক আইন, 1968** র মূল লক্ষ্য হল কীটনাশকের আমদানি, উৎপাদন, বিক্রয়, এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া, বণ্টন এবং ব্যবহার কে নিয়ন্ত্রণ করে মানুষ এবং পশুপাখির উপর সম্ভাব্য বিপদ এবং তার সাথে যুক্ত অন্যান্য বিষয়গুলিকে রোধ করা।

- ধারা 9** এ LLIN এবং অন্যান্য সব রকম কীটনাশকের নথিভুক্তিকরণের নিয়মাবলীর বিস্তারিত বিধান দেওয়া আছে।  
**ধারা 10** এ কীটনাশকের নিবন্ধন না করা বা কীটনাশক বাতিলের বিরুদ্ধে আপীল করার বিধান রয়েছে।  
**ধারা 13** কীটনাশক উৎপাদন এবং কীটনাশকের বিক্রয়ের জন্য অনুমতি সংক্রান্ত বিবরণ প্রদান করে  
**ধারা 14** য, ধারা 13 এ জারি করা উৎপাদন সংক্রান্ত অনুমতিপত্রের বাতিল, তাকে রোধ করা এবং তার সংশোধন সংক্রান্ত নিয়মাবলী লিখিত আছে  
**ধারা 17** কিছু কীটনাশকের আমদানি এবং উৎপাদন সংক্রান্ত নিষেধাজ্ঞা

**কীটনাশক বিধি, 1971** এ উৎপাদক এবং রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য লিখিত সংশ্লিষ্ট নিয়মাবলীগুলি হল:

- অধ্যায় 3** কীটনাশকের নথিভুক্তিকরণ (নথিভুক্তিকরণের প্রক্রিয়া এবং নথিভুক্তিকরণ কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল)  
**অধ্যায় 4** কীটনাশক উৎপাদনের এবং কীটনাশক বিক্রয়ের অনুমতিপত্র প্রদান, অনুমতির শর্তাবলী ইত্যাদি  
**অধ্যায় 5** কীটনাশকের প্যাকেটজাতকরণ এবং চিহ্নিতকরণ  
**অধ্যায় 7** রেল, রোড কিংবা জলপথে কীটনাশকের পরিবহন এবং পরিবহনের সময়ে সেগুলিকে মজুত করা।  
**অধ্যায় 9** বিবিধ শর্তাবলী, কীটনাশকের নথিভুক্তিকরণের জন্য আবেদনপত্র এবং শংসাপত্রের ফর্ম, **কীটনাশক আইন, 1968** র ধারা অনুসারে আপীল, কীটনাশক উৎপাদনের জন্য অনুমতিপত্র প্রদানের আবেদন, কীটনাশক বিক্রয়ের জন্য অনুমতিপত্র প্রদানের আবেদন, অথবা কীটনাশক বিক্রি এবং বণ্টনের জন্য প্রদর্শন ইত্যাদি।

LLIN, পলিইথিলিন নামক এক প্রকারের প্লাস্টিক পদার্থ দিয়ে তৈরি এবং ইহা প্লাস্টিকের প্যাকেটেই ভরা থাকে। সেই কারণে, LLIN র উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং এর ব্যবহারকারীদের **প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুল, 2016** এর বিভিন্ন শর্তাবলী মেনে চলতে হবে। কিছু মুখ্য শর্তাবলী নিচে দেওয়া হল

- ধারা 6** শহরের স্থানীয় সংস্থার দায়িত্ব (যেমন পৌরসভা, পৌরপরিষদ ইত্যাদি)  
**ধারা 7** গ্রাম পঞ্চায়েতের দায়িত্ব (গ্রামীণ সংস্থা)  
**ধারা 9** উৎপাদক, আমদানিকারক এবং ব্র্যান্ড মালিকের দায়িত্ব। এই ধারায় মূলত এক্সটেনডেড প্রডিউসার রেসপনসিবিলিটির ভিত্তিতে বর্জ্য পদার্থ সংগ্রহের বিস্তারিত বিবরণ দেওয়া আছে

# 1. আমদানি ও রপ্তানিকারক সহ, LLIN উৎপাদকদের জন্য নির্দেশিকা


ভারতে LLIN, এরই মধ্যে, ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামে (NVBDCP) ম্যালেরিয়া নিয়ন্ত্রণে DDTর পরিবেশ বান্ধব বিকল্প হিসেবে প্রস্তাবিত। বর্তমানে ভারতে, এলএলআইএনের খুব কম সংখ্যক উৎপাদকই আছে। তবে যেহেতু ভারত DDT ফেজ আউট করার জন্য উন্মুখ হয়ে আছে, তাই এলএলআইএনের নতুন উৎপাদক, আমদানিকারক এবং রপ্তানিকারকদের জন্য ভারতে পর্যাপ্ত সুযোগ রয়েছে। তাই উৎপাদক, আমদানিকারক এবং রপ্তানিকারকদের জন্য ভারতে এলএলআইএনের ব্যবসা করবার আইনগত দিকগুলি জানা এবং বোঝা খুবই জরুরী।

উৎপাদকরা এদেশেই LLIN উৎপাদনের জন্য এবং তারপর তার ব্যবহারের জন্য কারখানা স্থাপন করতে পারে। অন্য দেশ থেকে আমদানি করেও LLIN ভারতে ব্যবহার করা যায়। এলএলআইএনের উৎপাদক এবং আমদানিকারক দুজনকেই তাদের পণ্য **কীটনাশক আইন, 1968 এবং কীটনাশক বিধি, 1971** অনুসারে, ভারত সরকারের কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেন্টাইন অ্যান্ড স্টোরজে (PPQS) এর সেন্ট্রাল ইন্সপেক্টিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) এর কাছে নথিভুক্তিকরণ করাতে হবে। এছাড়াও, যদি LLIN শুধুমাত্র রপ্তানি করার উদ্দেশ্য থাকে, তবু সেক্ষেত্রে রপ্তানিকারককেও CIB&RCর কাছে এলএলআইএনের নথিভুক্তিকরণ করাতে হবে।

CIB&RCর কাছে এলএলআইএনের নথিভুক্তিকরণ ছাড়াও, উৎপাদককে কারখানা প্রতিষ্ঠানের পূর্বে এবং পরেও কিছু আইনি প্রয়োজনীয়তা মেনে চলতে হয়। উৎপাদক এই নথিভুক্তিকরণের আবেদন এবং কারখানা প্রতিষ্ঠানের জন্য যাবতীয় ছাড়পত্র গ্রহণের কাজটি একই সাথে করে যেতে পারেন। রপ্তানি এবং আমদানিকারক কে মূলত রপ্তানি এবং আমদানি সংক্রান্ত নিয়মগুলিকে মেনে চলতে হবে।

## 1.1 ভারতে LLIN উৎপাদন সংক্রান্ত নিয়মকানুন

- **কীটনাশক আইন, 1968** অনুসারে উৎপাদক কে নির্দিষ্ট কারখানা স্থাপনের জন্য CIB&RCর কাছ থেকে একটি শংসাপত্র নিতে হবে এবং কেন্দ্র ও সংশ্লিষ্ট রাজ্য সরকারের যাবতীয় আইন মান্য করতে হবে এবং সেই সব আইন অনুসারে ছাড়পত্রও নিতে হবে।
- উৎপাদকের জন্য এটা জানা খুবই জরুরী যে ভারতে ব্যবসা প্রতিষ্ঠা করতে গেলে উৎপাদন কারখানাটিকে একটি নাম সহ রেজিস্ট্রেশন করাতে হবে এবং সেটি চালু করার পূর্বে (কারখানা স্থাপনের জন্য যাবতীয় ছাড়পত্র) ও পরে (উৎপাদন শুরু করার পূর্বে প্রয়োজনীয় ছাড়পত্র) যাবতীয় আইন মেনে চলতে হবে। কারখানা চালু করার পূর্বে এবং পরে যে যে ধরনের আইনি ব্যবস্থা মেনে চলতে লাগবে তা নিচের রূপরেখা টি তে দেখানো হল।



**চিত্র 1. ভারতে একটি নতুন ব্যবসা/কারখানা স্থাপনের প্রয়োজনীয় প্রক্রিয়া**

উপরোক্ত রূপরেখাটি ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (DPIIT) এবং ন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফেসিলিটেশন এজেন্সি (ইনভেস্ট ইন্ডিয়া) র ওয়েবসাইট এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে টার্নক্লক লিঙ্ক বানিয়েছে।

নতুন প্রকল্প তৈরির জন্য যে যে ধরনের অনুমোদন এবং ছাড়পত্র দরকার, উৎপাদকরা তার তালিকা পেতে পারেন ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইনডাসট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (DPIIT) এর থেকে। এই তালিকা টি এই নির্দেশিকার **পরিশিষ্ট-1** এও দেওয়া রয়েছে।

ভারতে একটি উৎপাদন ইউনিট স্থাপন করতে যে যে আইনি পদক্ষেপগুলি নিতে হয়, তার বিশদ বিবরণ ইনভেস্ট ইন্ডিয়া এবং DPIIT র ওয়েবসাইট এ দেওয়া আছে।

- **কীটনাশক আইন, 1968 এর ধারা 9** অনুসারে, সব উৎপাদক/ আমদানিকারক/রপ্তানিকারকদের ভারত সরকারের কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেন্টাইন অ্যান্ড স্টোরজে (PPQS) এর সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) এর কাছে এলএলআইএনের নথিভুক্তিকরণ করতে হবে।
- একটি LLIN CIB&RCর দ্বারা একবার নথিভুক্ত এবং অনুমোদিত হলে, উৎপাদকরা যেখানে সেই দ্রব্যের কারখানা স্থাপন করতে চায় সেই সংশ্লিষ্ট রাজ্যসরকারের থেকে তাদের অনুমতি ( যেমন, উৎপাদনের অনুমোদন পত্র) নিতে হবে। এলএলআইএনের উৎপাদন অনুমোদন পত্র নেওয়ার জন্য উৎপাদক কে সংশ্লিষ্ট রাজ্যের ডিরেক্টরেট অফ এগ্রিকালচার এর কাছে কিংবা কখনো কখনো স্থানীয় জেলাস্তরীয় এগ্রিকালচার অফিস যেখানে এই উৎপাদন ইউনিটটি স্থাপন করা হবে, সেখানে যেতে হতে পারে। আইনি পদক্ষেপ সংক্রান্ত যাবতীয় তথ্য সংশ্লিষ্ট রাজ্যের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অফিস থেকে কিংবা তাদের ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। সংশ্লিষ্ট রাজ্যের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের কাছ থেকে উৎপাদন লাইসেন্স পাওয়ার জন্য ন্যূনতম পরিকাঠামো সংক্রান্ত যে নির্দেশিকা অনুসারে, কীটনাশক এবং তার ফরমুলেশন উৎপাদনের সময়ে উৎপাদকরা সেই নির্দেশিকা মেনে চলবে। উদাহরণ স্বরূপ, মহারাষ্ট্রে কোন একটি উৎপাদন ইউনিট স্থাপন করতে গেলে, মহারাষ্ট্র রাজ্যের আইন সংক্রান্ত বিষয়গুলি জানবার জন্য, উৎপাদককে মহারাষ্ট্র ইন্ডাস্ট্রি, ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ফেসিলিটেশন সেল এর ওয়েবসাইট চেক করতে হবে। উৎপাদক যদি একই কীটনাশক উৎপাদনের জন্য অতিরিক্ত ইউনিট স্থাপন করতে চায়, তবে তারা PPQS এর ওয়েবসাইট এ থাকা নির্দেশাবলীটিও অনসূরণ করতে পারে।
- এলএলআইএনের আমদানিকারক, যারা LLIN আমদানি করছে এই দেশে বিক্রি করবে বলে, তাদেরকে CIB&RC এর কাছ থেকে একটি শংশাপত্র নিতে হবে। একইভাবে **কীটনাশক আইন, 1968** এর অনুসারে দেশজ ভাবে তৈরি এলএলআইএনের যারা রপ্তানিকারক, তাদেরকেও CIB&RC এর কাছ থেকে একটি শংশাপত্র নিতে হবে। সেন্ট্রাল এক্সাইস ট্যারিফ আইন, 1985 এর তালিকাভুক্ত যে আবগারি শুল্ক, LLIN কে বর্তমানে সেই আবগারি শুল্ক থেকে ছাড় দেওয়া আছে। তবে, উৎপাদক কে ছাড় নেবার সময়, একটি অনুমোদিত শংশাপত্র দ্বারা প্রমাণ করতে হবে যে, সংশ্লিষ্ট পণ্যগুলি ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP), যা কিনা.গ্লোবাল ফান্ড টু ফাইট এইডস, টি বি অ্যান্ড ম্যালেরিয়া (GFATM) এর আর্থিক সাহায্যে সেই NVBDCP এর অন্তর্গত ইনটেনসিফাইড ম্যালেরিয়া কন্ট্রোল প্রজেক্ট (IMCP) - II এর জন্য প্রয়োজন।

### 1.1.1 CIB&RCর অধীনে এলএলআইএনের নথিভুক্তিকরণ

এলএলআইএনের গায়ে রাসায়নিক কীটনাশক লাগানো থাকে, যা মানুষের স্বাস্থ্য এবং পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। সেই কারণেই ভারতে **কীটনাশক আইন, 1968** অনুসারে CIB&RC র কাছে এলএলআইএনের নথিভুক্তিকরণ জরুরী। ভারত সরকারের কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেন্টাইন অ্যান্ড স্টোরজে (PPQS) এর অন্তর্ভুক্ত সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) এই নথিভুক্তিকরণের ভারপ্রাপ্ত। এছাড়াও এই কমিটি কেন্দ্র এবং রাজ্য সরকারগুলিকে এই নথিভুক্তিকরণ সংক্রান্ত প্রযুক্তিগত বিষয়ে উপদেশ দিয়ে থাকে। **কীটনাশক আইন, 1968** অনুসারে এই নথিভুক্তিকরণের সাধারণ নির্দেশিকা PPQS এর ওয়েবসাইট এ দেওয়া আছে। CIB&RC র সাথে যোগাযোগের ঠিকানা **পরিশিষ্ট-2** তে দেওয়া আছে।

1 [General Exemption under the Central Excise Act, 1944](https://www.cbic.gov.in/resources/htdocs-cbec/excise/cxt-2016-17-new/cx-gen-exem-61A-75.pdf;jsessionid=49CD7E26F43AC33C39F4210D61C99E80) (https://www.cbic.gov.in/resources/htdocs-cbec/excise/cxt-2016-17-new/cx-gen-exem-61A-75.pdf;jsessionid=49CD7E26F43AC33C39F4210D61C99E80)



- **কীটনাশক আইন, 1968** এর অনুসারে, LLIN সহ যাবতীয় কীটনাশককে, ভারতে উৎপাদন/ আমদানি করে বিক্রয় এবং বণ্টন করার পূর্বে কিংবা শুধুমাত্র রপ্তানি করার জন্য উৎপাদন করার পূর্বে, উৎপাদক কে CIB&RC র কাছে নথিভুক্তিকরণ করাতে হবে।
- সেই কারণে উৎপাদক কে **কীটনাশক আইন, 1968** এর **ধারা 9** এ লিপিবদ্ধ LLIN নথিভুক্তিকরণের যাবতীয় নিয়ম দেখে নিতে হবে।
- যদি কোন একটি কীটনাশক কে প্রথমবারের জন্য ভারতের বাজারে নিয়ে আসা হয়, সেক্ষেত্রে **ধারা 9 (3 বি)** অনুযায়ী, যতক্ষণ পর্যন্ত যাবতীয় অনুসন্ধান নথিভুক্তিকরণ কমিটির বিচারাধীন আছে, ততক্ষণ পর্যন্ত নথিভুক্তিকরণ কমিটি দুবছরের জন্য অস্থায়ী অনুমোদন দিতে পারে। যখন অস্থায়ী অনুমোদনের মেয়াদ শেষ হয়ে যায়, তখন উৎপাদককে **কীটনাশক আইন, 1968** র **ধারা 9 (3)** অনুযায়ী স্থায়ী অনুমোদনের জন্য CIB&RC র কাছে আবেদন করতে হবে। কীটনাশক নথিভুক্তিকরণের আবেদনপত্র পিপিকিউএসের ওয়েবসাইট এ দেওয়া আছে।
- যদি উৎপাদকের জমা দেওয়া আবেদনপত্রে স্থায়ী অনুমোদনের জন্য প্রয়োজনীয় যথাযথ তথ্য না থাকে, সেক্ষেত্রেও উৎপাদককে **ধারা 9 (3 বি)** অনুযায়ী অস্থায়ী অনুমোদন দেওয়া যেতে পারে। এই অস্থায়ী অনুমোদন দু বছরের জন্য দেওয়া হয় যাতে সেই সময়ে যাবতীয় তথ্য জোগাড় করে নেওয়া যায়। এই অস্থায়ী অনুমোদনের মেয়াদ আরও এক বছরের জন্য বাড়ানো যেতে পারে। **ধারা 9 (3)** অনুযায়ী LLIN নথিভুক্তিকরণের সাম্প্রতিকতম নির্দেশিকাটি PPQS এর ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।
- বর্তমানে LLIN কে **ধারা 9 (4)** অর্থাৎ “মি টু” অনুযায়ী নথিভুক্তিকরণ করা যায়না।
- LLIN এ যে নতুন কীটনাশক ব্যবহার করা হবে, উৎপাদক কে সর্বপ্রথম সেই রাসায়নিক উপাদানকে **কীটনাশক আইন, 1968** র তালিকাভুক্ত করতে হবে। এই নতুন রাসায়নিক উপাদানকে **কীটনাশক আইন, 1968** র তালিকাভুক্ত করবার নির্দেশিকাটি PPQS এর ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।
- LLIN নথিভুক্তিকরণের ব্যাপারে সাহায্য পেতে **কীটনাশক বিধি, 1971** এর তৃতীয় অধ্যায়ে যে বিধিগুলি লিপিবদ্ধ করা আছে, উৎপাদক/আমদানিকারকদের সেই বিধিগুলির সঙ্গে পরিচিত থাকতে হবে আরও নির্দেশিকার জন্য।
- যেকোনো কীটনাশক নথিভুক্তিকরণের আবেদন জমা দেওয়ার পর তার তথ্য সংক্রান্ত পরিপূর্ণতা যাচাই করে দেখার জন্য প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা হয়ে থাকে। পিপিকিউএসের ওয়েবসাইটে **ধারা 9 (3)** অনুযায়ী নথিভুক্তিকরণের যে চেকলিস্ট দেওয়া আছে, উৎপাদক কে সেই সম্বন্ধে অবগত হতে হবে, যাতে কিনা আবেদনপত্রগুলি সম্পূর্ণ ত্রুটিমুক্ত হয়।
- সাধারণত আবেদনপত্র CIB&RCর কাছে জমা হবার পর নথিভুক্তিকরণের প্রক্রিয়া টি সম্পন্ন হতে 12 থেকে 18 মাস লাগে (এটা সাধারণত নির্ভর করে তথ্যের স্বল্পতা বা পরিপূর্ণতার উপর)। **কীটনাশক আইন, 1968** এর **ধারা 9(3)** অনুযায়ী কীটনাশকের অনুমোদনের জন্য প্রয়োজনীয় সময়সীমার বিস্তারিত বিবরণ **পরিশিষ্ট-3** এ উল্লেখ করা আছে।
- নথিভুক্তিকরণের শংসাপত্র দেওয়া হয়ে গেলে, উৎপাদক রেজিস্ট্রেশন হোল্ডার হিসেবে চিহ্নিত হয় এবং তখন থেকেই যে সমস্ত শর্তের ভিত্তিতে এলএলআইএনের নথিভুক্তিকরণ হয়েছে, উৎপাদককে সেই সমস্ত শর্তাবলী মেনে চলতে হয়। নথিভুক্তিকরণের শংসাপত্রে, নথিভুক্তিকরণের শর্ত, গঠন, দ্রব্যটির স্থায়িত্বকাল, দ্রব্যটি চিহ্নিত করণের প্রক্রিয়া, প্রয়োগের পরিমাপ, এর ব্যবহার এবং ব্যবহারের সময়ে প্রয়োজনীয় সুরক্ষা সংক্রান্ত সতর্কতার তথ্য ইত্যাদি দেওয়া থাকে।

### 1.1.2 চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ

উৎপাদক কে তাদের পণ্যের চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণের জন্য যাবতীয় নিয়মাবলী মেনে চলবার জন্য **কীটনাশক বিধি, 1971** এর পঞ্চম অধ্যায় টি রেফার করতে হবে। পণ্যের চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ দুটিই খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং সেই কারণেই উৎপাদককে CIB&RC দ্বারা অনুমোদিত এবং পণ্যের নথিভুক্তিকরণের শংসাপত্রে থাকা চিহ্ন এবং লিফলেট মেনে চলতে হবে। CIB&RCর নির্দেশাবলী অনুসারে, চিহ্ন এবং লিফলেট কে বিভিন্ন ভাষায় ছাপাতে হবে এবং তারপর সেই পণ্যকে বিক্রি এবং বণ্টন করার আগে পণ্যের প্যাকেটের গায়ে লাগিয়ে দিতে হবে।

যে সমস্ত উৎপাদক আন্তর্জাতিক নিলামে যোগ দিতে এবং LLIN রপ্তানিতে ইচ্ছুক, তাঁদের কে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর নির্দেশাবলী অনুসরণ করতে হবে। পণ্যের ভালোভাবে চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ সম্পর্কে WHO-এর সুপারিশগুলি জানবার জন্য উৎপাদকরা WHO-এর ওয়েবসাইট এ পাবলিকেশনের পাতা টি অনুসরণ করতে পারেন।



নির্দিষ্ট তথ্যসূত্র

[গাইডলাইনস অন গুড লেবেলিং প্রাকটিস ফর পেস্টিসাইড. ইন্টারন্যাশনাল কোড অফ কন্ডাক্ট অন পেস্টিসাইড ম্যানেজমেন্ট](#)

[রেকমেন্ডেশনস অন দি সাউন্ড ম্যানেজমেন্ট অফ প্যাকেজিং ফর লং লাস্টিং ইনসেক্টিসাইডাল নেটস \(LLINs\)](#)

### 1.1.3 LLIN পণ্য এবং কাঁচামালের গুণগত মান সংক্রান্ত নির্দেশিকা

উৎপাদকরা CIB&RCর কাছে LLIN পণ্যের নথিভুক্তিকরণের সময়ে কাঁচামাল এবং পণ্যের যে গুণগত বিবরণ দিয়েছে, LLIN পণ্য উৎপাদনের সময়েও উৎপাদকদের সেই কাঁচামাল এবং পণ্যের একই গুণগত মান নিশ্চিত করতে হবে। CIB&RCর অনুমোদিত সংশ্লিষ্ট শংশাপত্রে যে সুরক্ষা, গুণগত মান এবং উপকারিতা সম্বন্ধিত শর্তাবলী দেওয়া আছে, উৎপাদক কে সেগুলো পুঙ্খানুপুঙ্খভাবে ভাবে মেনে চলতে হবে।

যে সমস্ত উৎপাদকরা তাদের LLIN বিশ্বের বাজারে রপ্তানি এবং বিক্রয় করতে চায়, তারা WHO-এর গুণগত মান সংক্রান্ত নির্দেশিকাগুলি অনুসরণ করতে পারে।

[গাইডলাইনস ফর কোয়ালিটি কন্ট্রোল অফ পেস্টিসাইড. ইন্টারন্যাশনাল কোড অফ কন্ডাক্ট অন দি ডিস্ট্রিবিউশন অ্যান্ড ইউস অফ পেস্টিসাইড](#)

LLIN সহ বাহক নিয়ন্ত্রণকারী পণ্য যেগুলো WHO-এর গুণগত মান সংক্রান্ত পূর্ব নির্ধারিত যোগ্যতা সংক্রান্ত নির্দেশিকাগুলি পূরণ করে, সেইগুলি WHO-এর বাহক নিয়ন্ত্রণকারী পণ্যের তালিকায় স্থান পেয়েছে। এই পণ্যগুলি WHO-এর পূর্ব নির্ধারিত তালিকাভুক্ত পণ্য হিসেবেই বর্তমানে পরিচিত (এটিকে আগে WHO পেস্টিসাইড ইন্ডিয়ানেশন স্কিম (WHOPES) দ্বারা প্রস্তাবিত বলা হত)।

- উৎপাদক রা WHO এর ওয়েবসাইট এ বাহক নিয়ন্ত্রণকারী পণ্যের গুণগত মান সংক্রান্ত পূর্ব নির্ধারিত যোগ্যতার পেজ টি দেখতে পারেন।
- WHO -এর এই বাহক নিয়ন্ত্রণকারী পণ্যের তালিকা এবং তাদের বর্তমান পরিস্থিতি WHO - এর ওয়েবসাইট এ পাওয়া যাবে।

## 1.2 প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুল, 2016 এর নিয়মের প্রতি উৎপাদকের দায়িত্ব

এলএলআইএনের উৎপাদকরা বর্তমানে তাদের পণ্য এবং পণ্যের প্যাকেটজাতকরণে প্লাস্টিক ব্যবহার করেন। সেই কারণে, এলএলআইএনের উৎপাদকদের ভারত সরকারের পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় দ্বারা স্বীকৃত বিভিন্ন সময়ে সংশোধিত **প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুল, 2016** এর **বিধি 9** কে মান্য করতে হবে, কারণ এই পণ্য এবং পণ্যের প্যাকেটজাতকরণ দুইই প্লাস্টিক বর্জ্য পদার্থ উৎপন্ন করে। বর্তমান **প্লাস্টিক ওয়েস্ট**



ম্যানেজমেন্ট রুল, 2016 অনুসারে উৎপাদকদেরকে তাদের পণ্য দ্বারা উৎপাদিত প্লাস্টিক বর্জ্য পুনরায় ফেরত নেওয়ার জন্য একটা সামগ্রিক পরিকাঠামো ব্যবস্থা করতে হবে।

### 1.3 এলএলআইএনের প্রযুক্তিগত বৈশিষ্ট্য মেনে চলার প্রয়োজনীয়তা

LLIN পণ্যগুলির প্রযুক্তিগত যে বৈশিষ্ট্য উৎপাদকরা CIB&RCর কাছে জমা করেছে এবং ভারতীয় মানক সংক্রান্ত যে বিশেষত্ব নিয়ে আসা হয়েছে বা সময়ে সময়ে তার যে সংশোধন হয়েছে, প্রকাশিত হয়েছে, সংশ্লিষ্ট পণ্যগুলিকে সেই নির্দিষ্ট বিশিষ্টতাগুলি অবশ্যই মেনে চলতে হবে। উৎপাদক কে তাদের পণ্যের IS শংশাপত্রের জন্য ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডের কাছে আবেদন করতে হবে। এই স্পেসিফিকেশনে অন্তর্ভুক্ত হল রাসায়নিক গঠন, কীটনাশকের মাত্রা, এবং তার শক্তি, কাপড়ের ওজন, ডিনায়ার, জালের আকার এবং আয়তন ইত্যাদি। নথিভুক্তিকরণের শংশাপত্রে এলএলআইএনের যে গুণগত মান উল্লিখিত আছে, সেগুলো নিশ্চিত করার জন্য এই উপাদানগুলো খুবই গুরুত্বপূর্ণ। উৎপাদকরা বিআইএসের ওয়েবসাইট থেকে যাবতীয় তথ্য পেতে পারেন। বিআইএসের ঠিকানা এবং যোগাযোগের তথ্য **পরিশিষ্ট-4** এ দেওয়া হল।

### 1.4 ব্যবহার, পরিবহণ এবং সংরক্ষণ করার পদ্ধতি

- উৎপাদককে LLIN উৎপাদনের প্রতিষ্ঠিত পদ্ধতি সম্বন্ধে জানতে হবে, যে পদ্ধতিতে উৎপাদন স্তরেই কীটনাশক প্রয়োগ করে তাকে ফাইবারের মধ্যেই বেঁধে ফেলা যায়, যার ফলে কোন এলাকায় ব্যবহারের সময়ে বাহক মশার বিরুদ্ধে অন্তত পক্ষে 3 বছরের জন্য নির্দিষ্ট জৈবিক কার্যকারিতা বজায় থাকে। **কীটনাশক বিধি, 1971**<sup>3</sup> এর নিয়মাবলী অনুসারে উৎপাদককে কীটনাশক কিংবা কীটনাশক পণ্য সংরক্ষণ এবং পরিবহণের শর্তাবলী মান্য করতে হবে।
- সড়ক এবং রেল উভয় পথেই এলএলআইএনের পরিবহণ সম্পন্ন হয়। নিরাপদভাবে কীটনাশক পরিবহণের জন্য ড্রাইভারের প্রশিক্ষণ, ভাল রকমের লেবেলযুক্ত গাড়ি, পরিবহণ চলাকালে এবং বিতরণের সময়ে প্যাকেটজাতকরণ এবং কীটনাশকের পরিমাণ সংক্রান্ত গুণমান পরীক্ষা নিরীক্ষা করা প্রয়োজন। কারখানা থেকে বিতরণের সময় পর্যন্ত নির্দিষ্ট পদ্ধতিতে অনুসরণের ব্যবস্থা উৎপাদককে করতে হবে। এছাড়াও, পরিবহণের পথে পণ্যের চলকে পড়া (স্পিল) কিংবা চুইয়ে পড়ার (লিকেজ) ঘটনার দাখিলাকরণের ব্যবস্থা উৎপাদকদের রাখতে হবে।
- LLIN পরিবহণের নির্দেশিকা অপারেশন ম্যানুয়াল ফর ম্যালেরিয়া এলিমিনেশন ইন ইন্ডিয়া 2016<sup>4</sup> এ দেওয়া আছে। এছাড়াও, যখন রেলপথে LLIN পরিবহণ করা হয়, তখন কীটনাশক বহনকারী প্যাকেটগুলিকে রেল মন্ত্রকের দ্বারা স্বীকৃত রেড ট্যারিফ এ উল্লিখিত শর্ত অনুসারে প্যাক করতে হয়।
- যেকোনো কীটনাশকই পরিবহণ কিংবা সংরক্ষণের সময়ে এমন ভাবে সেগুলিকে পরিবহণ বা সংরক্ষণ করতে হবে যাতে করে সেগুলি কোন খাদ্য দ্রব্য বা পশু খাদ্যের সরাসরি সংস্পর্শে না আসে। কীটনাশক বহনকারী প্যাকেটগুলিকে আলাদা কোন ঘরে কিংবা আলাদা চত্বরে মজুত করতে হবে যাতে করে সেই জায়গাগুলো অন্যান্য জিনিসপত্র রাখার জায়গা থেকে দূরে থাকে। উৎপাদকরা এ বিষয়ে বিস্তারিত তথ্য **কীটনাশক বিধি, 1971** এর সপ্তম অধ্যায়ে পেতে পারেন।

2 **Plastic Waste Management Rules, 2016** (<https://www.egazette.nic.in/WriteReadData/2016/168620.pdf>)

3 **Insecticide Rules, 1971** ([http://ppqs.gov.in/sites/default/files/insecticides\\_rules\\_1971.pdf](http://ppqs.gov.in/sites/default/files/insecticides_rules_1971.pdf))

4 **Operation Manual for Malaria Elimination in India 2016** (<https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf>)

## 2. এলএলআইএনের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশাবলী

প্রত্যেকটি LLINকে **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971** অনুসারে CIB&RCর কাছে বাধ্যতামূলকভাবে নথিভুক্ত করাতে হবে। এই নথিভুক্তিকরণ প্রতিটি উৎপাদক যারা এই দেশে উৎপাদিত পণ্য বিক্রয়/ বা রপ্তানি করবে কিংবা যারা ভারতে এলএলআইএনের আমদানি করবে, তাদের সকলের উপর প্রযোজ্য। নথিভুক্তিকরণের শংসাপত্র পাওয়ার জন্য বিভিন্ন এলএলআইএনের জন্য উৎপাদক/আমদানিকারক/ রপ্তানিকারক কে আলাদা আলাদা আবেদনপত্র জমা করতে হবে। নথিভুক্তিকরণের শংসাপত্র পেয়ে গেলে উৎপাদক/ আমদানিকারক/রপ্তানিকারকরা এলএলআইএনের রেজিস্ট্রেশন হোল্ডার হিসেবে চিহ্নিত হবে।

ভারতের জনস্বাস্থ্য প্রকল্প ভারত সরকারের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রালয়ের একটি যুগপৎ উদ্যোগ, যেটি জনসাধারণের কাছে সাধারণ কথাবার্তায় জাতীয় জনস্বাস্থ্য প্রকল্প হিসেবে পরিচিত। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রালয়ের ডিরেক্টর জেনারেল অফ হেলথ সার্ভিসেস (DGHS) জাতীয় স্তরে বিভিন্ন প্রকল্প যেমন পরিবারকল্যাণমূলক, কমিউনিকাবেল এবং নন- কমিউনিকাবেল অসুখের সঙ্গে যুক্ত বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত করার পেছনে মুখ্য ভূমিকা পালন করে। ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) দেশের মধ্যে চালিত বহুমুখী যে জনস্বাস্থ্যমূলক প্রকল্পগুলি বর্তমানে চালু আছে তার মধ্যে অন্যতম একটি প্রকল্প। এই প্রকল্পটি মূলত ম্যালেরিয়া এবং অন্যান্য বাহক জনিত রোগ যেমন ফাইলেরিয়াসিস, কালাজ্বর, ডেঙ্গি এবং জাপানি এনকেফেলাইটিস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে। ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর ডাইরেক্টরেট অফ NVBDCP এই বাহক জনিত রোগের প্রতিরোধ এবং নিয়ন্ত্রণকারী প্রকল্পের রূপায়ণে নোডাল এজেন্সি হিসেবে কাজ করে।

ভারতে বর্তমানে শুধুমাত্র জনস্বাস্থ্য প্রকল্পেই এলএলআইএনের ব্যবহার স্বীকৃত। বাইরে খুচরো বাজারে এর ব্যবহার এখনো স্বীকৃত নয়। সেই কারণে, এলএলআইএনের রেজিস্ট্রেশন হোল্ডাররা CIB&RCর কাছে থেকে নথিভুক্তিকরণের শংসাপত্র পেয়ে গেলে, তাদেরকে নিজেদের LLIN নির্দিষ্ট জনস্বাস্থ্য প্রকল্পে ব্যবহারের জন্য ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর অন্তর্গত ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) এর ডাইরেক্টরেটের দ্বারস্থ হতে হবে। জাতীয় প্রকল্পে রেজিস্ট্রেশন হোল্ডাররা নিজেদের পণ্য ব্যবহারের অনুমতি পাওয়ার পরেই বাণিজ্যিক নিলামে যোগদান করতে পারবে। এলএলআইএনের কেনাকাটি কেন্দ্রীয় স্তরে হয়ে থাকে এবং সেন্ট্রাল প্রকিওরমেন্ট এজেন্সি, অর্থাৎ ভারত সরকারের অধীনস্থ স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রালয়ের সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি (CMSS) এই পুরো বিষয়টি বাণিজ্যিক নিলামের মাধ্যমে পরিচালিত হয়।

এছাড়াও, প্রতিরক্ষা শাখা, পুলিশ দপ্তর, এবং ভারতের স্বরাষ্ট্র মন্ত্রকের অন্তর্ভুক্ত আরও কিছু দপ্তরও LLIN কেনে এবং সেই কারণেই রেজিস্ট্রেশন হোল্ডারদের সেই সমস্ত সরকারি দপ্তরগুলিকে LLIN সরবরাহ করার জন্য সেই সমস্ত দপ্তরের কেনাবেচার পদ্ধতিগুলোকে অনুসরণ করতে হবে।


CMSS এবং NCVBDC এর সাথে যোগাযোগের বিবরণ এবং এদের ঠিকানা **পরিশিষ্ট-5** এ দেওয়া হয়েছে।

## 2.1 NVBDCP এর দ্বারা জনস্বাস্থ্য প্রকল্পে নথিভুক্ত এলএলআইএনের সংযোজন

NVBDCP নতুন এলএলআইএনের সংযোজন কিংবা কোন LLINকে জনস্বাস্থ্য প্রকল্প থেকে বাদ দেওয়ার সময়ে CIB&RCর কাছে কোন পণ্যের নথিভুক্তিকরণ / নথিভুক্তি বাতিল করা কে মূল ভিত্তি হিসেবে গণ্য করে।

NVBDCP র প্রকল্পে কোন নতুন নথিভুক্ত এলএলআইএনের সংযোজন করতে হলে, সেই এলএলআইএনের, জনস্বাস্থ্য প্রকল্পে বাহক নিয়ন্ত্রণে ব্যবহৃত সব কীটনাশকের একই রকম মূল্যায়নের জন্য যে পরিবর্তিত অভিন্ন প্রোটোকল ICMR, NVBDCP এবং NCDC<sup>5</sup> তৈরি করেছে, সেই প্রোটোকল অনুসারে মূল্যায়ন করতে হবে। শুধু তাই নয়, WHO –এর প্রাক গুণগত মান অনুমোদিত LLIN সহ যাবতীয় কীটনাশককেও জাতীয় প্রকল্পে সংযোজন করার পূর্বে NVBDCP, বৃহত্তর আকারে এবং বহুমুখী প্রয়োগের মাধ্যমে ভারতীয় পরিস্থিতিতে এর উপযোগিতার মূল্যায়ন করে তার পরেই সেগুলোকে জাতীয় প্রকল্পে অনুমোদন দেওয়া হয়।

এলএলআইএনের রেজিস্ট্রেশন হোল্ডারকে, জনস্বাস্থ্য প্রকল্পে LLINএর সংযুক্তির জন্য সম্পূর্ণ ডোসিয়ারটাই NVBDCPর কাছে জমা করতে হবে, যার মধ্যে রয়েছে CIB&RCর দ্বারা স্বীকৃত শংসাপত্র, অনুমোদিত লেবেল এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ধাপের পরীক্ষার রিপোর্ট। জাতীয় জনস্বাস্থ্য প্রকল্পে এলএলআইএনের সংযুক্তির যে বিভিন্ন ধাপগুলি রয়েছে, সেগুলি NVBDCPর ওয়েবসাইট এ স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি হিসেবে দেওয়া আছে। নিম্নে রূপায়িত চিত্রে র মাধ্যমেও দেখানো হল। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রালয়ই এই প্রকল্পে নতুন LLINএর সংযুক্তির অনুমোদন দেওয়ার সর্বশেষ এবং সর্বোচ্চ কর্তৃপক্ষ।



### চিত্র 2. NVBDCP এর অধীনে জনস্বাস্থ্য কর্মসূচিতে এলএলআইএনের অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ

(উপরোক্ত রূপরেখাটি, ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম এর জনস্বাস্থ্য প্রকল্পে জৈবলার্ভানাশক সহ অন্যান্য কীটনাশকের সংযুক্তির জন্য তৈরি স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতিতে বিবৃত মূল চার্ট এর ভিত্তিতে পুনরায় আঁকা হয়েছে।<sup>6</sup>)

5 [Revised Common Protocol for Uniform Evaluation of Public Health Pesticides including Bio-larvicides for use in Vector Control](https://nvbdcp.gov.in/WriteReadData/1892s/Revised-Common-Protocol-2014.pdf) (https://nvbdcp.gov.in/WriteReadData/1892s/Revised-Common-Protocol-2014.pdf)  
6 [Standard Operating Procedure for Introduction of Public Health Pesticides Including Biolarvicides in the National Vector Borne Disease Control Programme](https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20in-troduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf) (https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20in-troduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf)

## 2.2 রেজিস্ট্রেশন হোল্ডারের দ্বারা জনস্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে এলএলআইএনের বানিজ্যিককরণ

ভারতে এলএলআইএনের কেনাকাটি স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি (CMSS) দ্বারা হয়ে থাকে। যদি রেজিস্ট্রেশন হোল্ডারের পণ্য এই প্রকল্পে সংযুক্ত থাকে, তাহলে রেজিস্ট্রেশন হোল্ডারকে LLIN ক্রয় সংক্রান্ত নিলামের পদ্ধতিটি বুঝতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা যে বিডিং নথিটি জারি করা হয়েছে, রেজিস্ট্রেশন হোল্ডারকে সেটিও খুব ভাল করে পড়ে দেখতে হবে। রেজিস্ট্রেশন হোল্ডার নিলাম সংক্রান্ত যাবতীয় শর্ত পূর্ণ করলে, তবেই নিলামে যোগদান করতে পারবে। সিএমএসএসের ওয়েবসাইট থেকে এলএলআইএনের বিডিং নথির নমুনা দেখা যেতে পারে।

নিলামে সফল হওয়া বিডার কে চুক্তি স্বাক্ষর করতে হবে এবং তারপর থেকে **ইন্ডিয়ান কন্ট্রাক্ট অ্যাক্ট, 1872**<sup>7</sup> মেনে চলতে হবে। একটা স্ট্যান্ডার্ড বিডিং নথিতে যাবতীয় প্রয়োজনীয় দরখাস্ত ছাড়া, চুক্তির সাধারণ শর্তাবলী এবং চুক্তির বিশেষ শর্তাবলী (GCC অ্যান্ড SCC) দেওয়া থাকে। বিডিং নথিতে যে প্রযুক্তিগত মাপকাঠি বা বৈশিষ্ট্যের উল্লেখ থাকে, সেগুলো বিডার কে যথাযথভাবে মেনে চলতে হবে। এলএলআইএনের জোগানদারকে LLIN জোগান দেবার পূর্বে অবশ্যই উৎপাদনের তারিখ এবং মেয়াদ শেষের তারিখ এলএলআইএনের উপর পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে।

DO NOT PRINT

<sup>7</sup> [Indian Contract Act, 1872](https://www.indiacode.nic.in/handle/123456789/2187?locale=en) (https://www.indiacode.nic.in/handle/123456789/2187?locale=en)


### 3. এলএলআইএনের ব্যবহারকারীদের জন্য নির্দেশাবলী

ভারতে এলএলআইএনের সরবরাহ এবং তার ব্যবহার সহ যেকোনো রকমেরই বাহক নিয়ন্ত্রণকারী প্রকল্পের নির্দেশিকা ভারত সরকার জারি করে থাকে। কিন্তু সংবিধানে, স্বাস্থ্য যেহেতু রাজ্য তালিকার অন্তর্ভুক্ত, সেই কারণে কোন নির্দিষ্ট জনসাধারণের কাছে LLIN পৌঁছে দেওয়া থেকে শুরু করে অন্য যেকোনো প্রকল্পেরই রূপায়নের দায়িত্ব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের উপর বর্তায়। এই নির্দেশাবলীতে বাহক নিয়ন্ত্রণ পদ্ধতির প্রয়োগ, বাহক নিয়ন্ত্রণ প্রকল্পে ব্যবহারের জন্য অনুমোদিত পণ্যের তালিকা, তাদের প্রযুক্তিগত বৈশিষ্ট্য, এবং LLIN সহ বিভিন্ন পণ্যের প্রযুক্তিগত প্রয়োজনীয়তা গণনা করার নিয়মের উল্লেখ থাকে।

রাজ্য সরকারগুলিকে তাদের এলএলআইএনের পরিমাণের একটি দাখিলা ভারত সরকারকে প্রতি বছর জমা দিতে হয়। সেই পরিমাপ অনুসারে কেন্দ্রীয় ক্রয় সংস্থা, (অর্থাৎ, CMSS), LLIN কেনে এবং বাণিজ্যিক নিলামের মাধ্যমে সেই LLIN সংশ্লিষ্ট রাজ্য সরকার কিংবা তার নির্ধারিত প্রাপকের কাছে পাঠিয়ে দেয়। সেই নির্দিষ্ট প্রাপক তখন সেই LLIN পূর্ব নির্ধারিত জনসাধারণের কাছে পাঠিয়ে দেয়, যারা এই পুরো পদ্ধতিটির দ্বারা চূড়ান্ত লাভবান হবে।

সুতরাং, এলএলআইএনের মূল ব্যবহারকারীদের দু'ভাগে ভাগ করা যায়।

1. সরবরাহ করার জন্য পণ্যগুলি যাদের কাছে যায়, অর্থাৎ, রাজ্য, জেলা এবং ব্লক/প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের টেকনিকাল, প্রশাসনিক এবং লজিস্টিকস এর সাথে যুক্ত কর্মচারী (যারা নির্ধারিত প্রাপক)
2. জনসাধারণ, যারা NVBDCP র নিয়ন্ত্রণ সংক্রান্ত প্রকল্পের দ্বারা আদতে লাভবান হবে ( মূল উপভোক্তা অথবা সর্বশেষ উপকৃত )



#### চিত্র 3. NVBDCP-এর অধীনে উপভোক্তাদের জন্য LLIN সরবরাহ এবং বিতরণ

(উপরোক্ত রূপরেখাটি, ভারতের অপারেশন ম্যানুয়াল ফর ম্যালেরিয়া কন্ট্রোল 2016 তে দেওয়া নির্দেশিকা অনুসারে টক্সিকল লিঙ্ক ঐক্যেছে।)



## 3.1 বিতরণের জন্য LLIN এর প্রাপক

### 3.1.1 NVBDCP র কেনা LLIN সরবরাহ করার জন্য যাদের হাতে পৌছায়, তাদের জন্য নির্দেশিকা, অর্থাৎ, রাজ্য এবং জেলা স্বাস্থ্য কেন্দ্রের টেকনিকাল, প্রশাসনিক এবং লজিস্টিকস এর সাথে যুক্ত কর্মচারী (যারা নির্ধারিত প্রাপক)

- NVBDCPর দ্বারা সময়ে সময়ে জারি হওয়া নির্দেশিকা বা পরামর্শ অনুযায়ী সংশ্লিষ্ট রাজ্য সরকারের ভারপ্রাপ্ত কর্মচারীকে, ঝুঁকিপূর্ণ জনসংখ্যা মূল্যায়ন করে তাদের এলএলআইএনের প্রয়োজনীয়তার হিসেব করতে হবে। বর্তমানে, NVBDCPর নির্দেশিকা অনুযায়ী প্রতি 1.8 জন মানুষে 1 টি করে এলএলআইএনের প্রয়োজন। রাজ্য সরকারের কর্মচারীকে, ভারপ্রাপ্ত জেলা আধিকারিক কে সচেতন করে তুলতে হবে, যাতে তারা বাহক নিয়ন্ত্রণ প্রকল্পে অনুমোদিত নিয়মানুসারে, নিজেদের জেলায় জেলায় বিভিন্ন মাপের কতগুলো এলএলআইএনের প্রয়োজন, তার একটি হিসেব তৈরি করে। এর ভিত্তিতে যতটা চাহিদা তৈরি হবে, সেটা রাজ্যের বার্ষিক অ্যাকশন প্লানে যাবতীয় যুক্তি সহকারে জমা দিতে হবে। এই বার্ষিক অ্যাকশন প্লান টি প্রতি বছর NVBDCPর মাধ্যমে ভারত সরকারের কাছে অনুমোদনের জন্য জমা করা হয়ে থাকে।
- সাধারণত, কেন্দ্রীয় স্তরে সেন্ট্রাল প্রকিওরমেন্ট এজেন্সির মাধ্যমেই এলএলআইএনের কেনাকাটি হয়ে থাকে এবং তারপর সেগুলো রাজ্যগুলোকে সরবরাহ করা হয়। তাই রাজ্যগুলোকে নিজেদের রাজ্যের নির্দিষ্ট প্রাপকদের ঠিকানা এবং যোগাযোগের নম্বর সমেত একটি তালিকা তৈরি করতে হবে এবং সেন্ট্রাল প্রকিওরমেন্ট এজেন্সির কাছে ই-মেল এবং ডাকযোগে পাঠাতে হবে। নিলামে জয়ী হওয়া বিডারকে (সরবরাহকারীকে) সেন্ট্রাল প্রকিওরমেন্ট এজেন্সি সাপ্লাই অর্ডার পাঠাবার পর, রাজ্যগুলোকে তাদের সব প্রাপকদেরকে নির্দেশ পাঠাতে হবে, যে, তারা যেন সরবরাহকারীর থেকে আসা LLIN সংরক্ষণ করে রাখার জন্য যথেষ্ট পরিমাণে জায়গার ব্যবস্থা রাখে। রাজ্যগুলি LLIN সরবরাহ সংক্রান্ত নির্দেশিকার জন্য 2016 এর অপারেশন ম্যানুয়াল ফর ম্যালেরিয়া এলিমিনেশন নামক নির্দেশিকাটিও দেখতে পারে।
- যথেষ্ট পরিমাণে LLIN সংরক্ষণ করে রাখাটাও খুবই জরুরী। সেই জন্য রাজ্যগুলিকে নিয়মিতভাবে LLIN সংরক্ষণের ব্যবস্থা পরিদর্শন করার একটা পরিকাঠামো রাখতে হবে এবং সেই অনুযায়ী সংশ্লিষ্ট অফিসারকে প্রয়োজনীয় সহায়তা এবং নির্দেশ দিতে হবে যাতে করে তারা উপলব্ধ সম্পদের ভিত্তিতেই LLIN সংরক্ষণের সঠিক ব্যবস্থা বজায় রাখে। সংরক্ষণের জায়গাটিতে যথাযথ সুরক্ষা এবং নজরদারির ব্যবস্থা থাকতে হবে যাতে কোন রকমের দুর্ঘটনা না ঘটে। একজন নোডাল ব্যক্তি রাখতে হবে, যার উপরে শুধুমাত্র এই সংরক্ষণের জায়গাটির দায়িত্ব থাকবে। LLIN যেখানে সংরক্ষিত থাকবে, সেই জায়গাটিকে হুঁদুরের উপদ্রব থেকে বাঁচাবার জন্য বিশেষ ব্যবস্থা রাখতে হবে।
- নিলামে জয়ী হওয়া বিডারকে (সরবরাহকারীকে) যে সাপ্লাই অর্ডার পাঠানো হয়, তার একটা কপি সংশ্লিষ্ট রাজ্যের প্রাপকের কাছে পাঠাতে হয়, যাতে রাস্তায় পরিবহণের সম্মতি জারি করা যায় এবং পৌঁছানোর পূর্বে রাখার জায়গা নিশ্চিত করে। সাধারণত, রাস্তায় পরিবহণের সম্মতি পাওয়ার পর এবং নির্দিষ্ট স্থানে পাঠানোর আগের যাবতীয় নিয়ম কানুন সম্পূর্ণ হবার পরই সরবরাহকারী তার অর্ডার পাঠাতে শুরু করে।
- মনোনীত রাষ্ট্র প্রাপকের তরফে সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মচারীকে LLIN হাতে পাওয়ার পর একটি স্বীকারোক্তি দিতে হবে এবং, সরবরাহকারী ও প্রকিওরমেন্ট এজেন্সিকে নির্দিষ্ট পদ্ধতি অনুসারে একটি কনসাইনি অ্যাকসেসপটেনস শংসাপত্র জারি করতে হবে। প্রেরককে সব রকমের ব্যবস্থা রাখতে হবে যাতে করে মাল এবং কাগজপত্র সংক্রান্ত যেকোনো রকমের অসামঞ্জস্যতার কারণে কোন রকম বিলম্বশুঙ্ক না দিতে হয়।
- প্রাপক, পরিমাণ, বৈশিষ্ট্য, ব্যাচ নম্বর, মেয়াদ শেষের তারিখ, বণ্টনের সময়সূচী এবং প্রযুক্তিগত বৈশিষ্ট্য সংক্রান্ত পদ্ধতি অনুসারে করা গুণগত মানের পরীক্ষা নিরীক্ষার ফলাফল সংক্রান্ত শংসাপত্র ইত্যাদি সশরীরে পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করার পরই, সর্বশেষ অ্যাকসেসপটেনস শংসাপত্র জারি করতে পারবে।



মালপত্র গ্রহণের চেকলিস্ট, সশরীরে যাচাই করার চেকলিস্ট, কনসাইনি অ্যাকসেপটেনস এবং সর্বশেষ অ্যাকসেপটেনস শংসাপত্রের নির্দিষ্ট পদ্ধতি, এবং মালপত্র মজুতদারির নির্দেশিকা, 2016 র অপারেশন ম্যানুয়াল ফর ম্যালেরিয়া এলিমিনেশন এর অ্যানেক্স 23, পাতা 230-236 [9] এ দেওয়া আছে।<sup>9</sup>

### 3.1.2 রাজ্য / জেলার দ্বারা ব্লক/প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র/ সাবসেন্টার কে এলএলআইএনের বণ্টন

- NVBDCP এর দ্বারা বিভিন্ন সময়ে জারি করা আদেশানুসারে, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে সংশ্লিষ্ট রাজ্য ভিত্তিক এলএলআইএনের বণ্টন প্ল্যান বানাতে হবে। এলএলআইএনের বণ্টন সংক্রান্ত কাজগুলো যাতে সঠিকভাবে হয়, তার জন্য রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি, জেলাগুলিকে উপদেষ্টা মূলক নির্দেশিকা জারি করবে।
- জেলাস্তরীয় অ্যাকসন প্ল্যানের ভিত্তিতে এবং জেলার প্রয়োজন অনুসারে প্রতিটি রাজ্য তাদের জেলাগুলির জন্য নির্দিষ্ট পরিমাণ LLIN বরাদ্দ করবে। নির্দিষ্ট জনসাধারণের কাছে যাতে সুপারিকল্পিত ভাবে LLIN পৌঁছে দেওয়া যায়, তার জন্য জেলাগুলির বিভিন্ন ব্লক (উপ-জেলা), ব্লকগুলিকে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রকে স্বাস্থ্য উপ-কেন্দ্র, এবং স্বাস্থ্য উপ-কেন্দ্রকে গ্রামের ভিত্তিতে ভাগ করা হয়েছে। যদি একটি জেলা একসাথে 3/4 টি পাশাপাশি জেলাকে উপস্থাপন করে, সেক্ষেত্রে প্রতিটি জেলার জন্য আর্থিক পরিকল্পনা এবং ব্যবস্থা করতে হবে।
- সংশ্লিষ্ট জেলাস্তরে বণ্টনের পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষের (জেলা শাসক) সভাপতিত্বে একটি জেলাস্তরীয় টাস্কফোর্সের মিটিং করতে হবে যেখানে নির্দিষ্ট বিভাগীয় প্রতিনিধি বিশেষত, আইন বলবৎকারী (জেলা কালেক্টর বা ম্যাজিস্ট্রেট) সংস্থাও উপস্থিত থাকবে।
- জেলা বা রাজ্যস্তর থেকে যে LLIN পাঠানো হয়, তা গ্রহণ এবং সংরক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মচারীর উপরই বর্তায় এবং তারপর সেই LLIN বিভিন্ন নির্বাচিত উপকেন্দ্র বা ব্লক গুলিতে সময়মতন পৌঁছে দেওয়াও তাঁরই কর্তব্য।
- স্টকের অবস্থা, প্রত্যেক তিন মাসে তার একটি খসড়া রাজ্যগুলিকে জেলা থেকে যে তথ্য পাওয়া যায় তার ভিত্তিতে বানাতে হবে এবং তারপর সেটি NVBDCPর ডিরেক্টরের এর কাছে জমা দিতে হবে। রাজ্যগুলোকে বিভিন্ন তথ্য যেমন ব্যবহার, বর্তমানে মজুদের পরিমাণ এবং আরও কতটা পরে প্রয়োজন হবে ইত্যাদি সম্বলিত ত্রৈমাসিক ব্যবহারের শংসাপত্র এবং বার্ষিক ব্যবহারের শংসাপত্রও জারি করতে হবে।
- রাজ্য/জেলা কর্তৃপক্ষ যদি প্রয়োজন মনে করে, তাহলে সংশ্লিষ্ট সেই রাজ্যের নিয়মাবলী অনুসারে কোন নিরপেক্ষ, অনুমোদিত ল্যাবরেটরির দ্বারা নিজের প্রয়োজন মত, পণ্যের গুণগত মানের পরীক্ষা করতে পারে।

রাজ্য কীটনাশক পরীক্ষার ল্যাবরেটরি এবং আঞ্চলিক কীটনাশক পরীক্ষার ল্যাবরেটরির বিশদ বিবরণ পিপিউএসএসের ওয়েবসাইট এ দেওয়া আছে। এছাড়াও, অনুমোদিত এনএবিএল ল্যাবরেটরি/জিএলপিএর তালিকাও PPQS এর ওয়েবসাইট এ দেওয়া আছে। যদি কোন অসঙ্গতি চোখে পড়ে, তাহলে রাজ্যগুলি তৎক্ষণাতঃ NVBDCP কে জানাবে যাতে পরবর্তীক্ষেত্রে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া যায়।

- রাজ্য/জেলা স্তরে নির্ধারিত প্রাপক যেন পণ্য পৌঁছানোর সময়, ব্যাচ নম্বর, এবং বৈশিষ্ট্য সম্বন্ধে অবগত থাকে এবং সেই অনুযায়ী মালপত্র গ্রহণ করার ব্যবস্থা করে রাখে।
- রাজ্যগুলি যেন **প্লাস্টিক ওয়েস্ট নিয়মাবলী 2016** এবং তার সময়ে সময়ে সংশোধিত হওয়া নিয়মানুসারে LLIN এবং এলএলআইএনের প্লাস্টিক প্যাকেট ফেলে দেওয়ার বন্দোবস্ত সম্বন্ধে অবগত থাকে এবং সেই অনুযায়ী একটা প্ল্যান বানিয়ে রাখে। জেলা/ ব্লক স্তরীয় আধিকারিকদের রাজ্যের নির্দেশিকা অনুসারে পদ্ধতি মেনে LLIN এবং এলএলআইএনের প্লাস্টিক প্যাকেটের নিরাপদ নিষ্পত্তির বন্দোবস্ত করতে হবে।

<sup>9</sup> [Operation Manual for Malaria Elimination in India 2016](https://nvbdc.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf) (https://nvbdc.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf)

### 3.1.3 জনসাধারণের মধ্যে এলএলআইএনের বণ্টন

- জনসাধারণের মধ্যে এলএলআইএনের বণ্টন সুপরিকল্পিতভাবে করতে হবে যাতে বিস্তারিত বণ্টন পরিকল্পনা এবং কৌশলের সঙ্গে এই কাজটি করা যায়। রাজ্যগুলিকে বণ্টনের নির্দেশিকা বানাতে হবে এবং সেটির সম্বন্ধে জেলাগুলিকে অবগত করতে হবে।
- সংশ্লিষ্ট ব্লকস্তরীয় আধিকারিককে গ্রামের একটি তালিকা তৈরি করতে হবে এবং এলএলআইএনের বণ্টনের পূর্বে সেই গ্রামগুলিকে একবার চটজলদি পরিদর্শন করে নিতে হবে। কতটা এলএলআইএনের প্রয়োজন তার হিসেব করার জন্য, গ্রামের প্রতিটি বাড়িকে একটি নম্বর দিতে হবে এবং সেই বাড়ির প্রত্যেকের বয়স এবং লিঙ্গ সহকারে একটি তালিকা বানাতে হবে। ঘাটতির কথা মাথায় রেখে প্রয়োজনের একটু বেশি স্টক রাখা উচিত। LLIN গুলি অফিসারের হাতে এসে গেলে যত তাড়াতাড়ি সম্ভব সেগুলি জনসাধারণের কাছে বিলিয়ে দেওয়া প্রয়োজন। প্রাপকের কাছ থেকে সর্বশেষ ব্যবহারকারীর কাছে LLIN পৌঁছে দেওয়ার জন্য প্রয়োজন অনুসারে যথেষ্ট পরিমাণে তহবিলের ব্যবস্থা রাখা উচিত।
- কোন একটি নির্দিষ্ট গ্রামে বসবাসকারী সকলকেই বিনামূল্যে এলএলআইএনের বণ্টন করা হয়। জনস্বাস্থ্য কেন্দ্র বা জনগণের জন্য তৈরি শিবিরের মাধ্যমেই এই বণ্টন প্রক্রিয়া সম্পন্ন করা যেতে পারে। বণ্টনের সময়ে অফিসাররা কমিউনিটি বেস সংস্থা (CBO) বা নন-গভর্নমেন্ট সংস্থা (NGO) বা (FBO) ধর্মীয় সংগঠনের সাহায্য নিতে পারে। জনগণের মধ্যে এলএলআইএনের বণ্টন সুষ্টু ভাবে করার জন্য স্থানীয় নেতা, গ্রাম পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি বা সরকারী কর্তৃপক্ষ কে এই কাজে যুক্ত করতে হবে।
- LLIN বণ্টনের তারিখ জনসাধারণ এবং অন্যান্যদের কে বণ্টনের 7 দিন আগে জানিয়ে দেওয়া যেতে পারে। এলএলআইএনের বণ্টন প্রক্রিয়ার উদ্বোধন করার জন্য কোন একজন সম্মানিত ব্যক্তিকে আমন্ত্রণ জানানো যেতে পারে।

এলএলআইএনের বণ্টন নিম্নলিখিত পদ্ধতিতে করা হয়

- LLIN বণ্টনের জন্য শিবির সংগঠিত করা
- নির্ধারিত পদ্ধতি অনুসারে LLIN বণ্টনের রেকর্ড রাখা
- যারা শিবিরে আসতে পারবেনা তাদের কাছে LLIN পৌঁছে দেওয়ার ব্যবস্থা রাখা

- LLIN বণ্টনের পূর্বে এবং পরে, রাজ্য সরকারের তরফে একটি কার্যকরী যোগাযোগের পরিকল্পনা বানাতে হবে যাতে তারা জনসাধারণের কাছে এলএলআইএনের গ্রহণ যোগ্যতা এবং বণ্টন পরবর্তী ব্যবহার সম্বন্ধে সঠিক ভাবে জানাতে পারে। রাজ্য সরকারকে এলএলআইএনের সঠিক ব্যবহার সম্পর্কে অবগত করার জন্য আঞ্চলিক ভাষায় ইনফরমেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন (IEC) উপাদান তৈরি করতে হবে। এই উপাদানগুলি তৈরি এবং প্রচারের সময়ে, সমাজের বিভিন্ন সংবেদনশীল সম্প্রদায়, বিশেষ করে আদিবাসী সম্প্রদায়ের প্রতিও বিশেষ খেয়াল রাখতে হবে।
- আবাসিক স্কুল যেগুলো আছে, LLIN সেই সমস্ত স্কুলগুলোতেও বণ্টন করতে হবে। স্কুলের যিনি দায়িত্বপ্রাপ্ত কর্মচারী, জেলাস্তরের অফিসারকে সেই স্কুল কর্মচারীকেও যথাযথভাবে এলএলআইএনের সংরক্ষণ এবং এর ব্যবহার সম্বন্ধে অবগত করতে হবে, যাতে স্কুলগুলো বাচ্চাদের মধ্যেও সচেতনতা তৈরি করতে পারে।
- যারা জনসাধারণের মধ্যে LLIN বণ্টনে যুক্ত তাদের কে নিম্নলিখিত পন্থাগুলো মেনে চলতে হবে
  - যখন তারা LLIN বণ্টন করতে আসবে তখন LLIN কিভাবে ঝুলিয়ে রাখতে হয় এবং বাইরে ঘুমোবার সময়ে কিভাবে চারটে ডান্ডির মধ্যে টাঙাতে হয়, সেই সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে।
  - এলএলআইএনের সঠিক ব্যবহার করানোর জন্য তাদেরকে স্থানীয় ভাষায় বোঝাতে হবে।
  - গ্রামে সঠিক ভাবে এলএলআইএনের ব্যবহার হচ্ছে কিনা তা দেখবার জন্য তাদেরকে মাঝে মাঝেই গ্রাম পরিদর্শনে আসতে হবে এবং খেয়াল রাখতে হবে যে অন্যান্য কাজের জন্য যেমন মাছ ধরা ইত্যাদিতে যেন এই LLIN ব্যবহার করা না হয়।
  - LLIN কিভাবে ধুতে হবে এবং ধোয়ার সময়ে কি কি সতর্কতা মাথায় রাখতে হবে, সেই সম্পর্কেও তাদের যথাযথ নির্দেশ দিতে হবে।

## বণ্টনের ক্ষেত্রে সর্বজনীন অন্তর্ভুক্তিকরণের ব্যবস্থাপনা

সর্বজনীন অন্তর্ভুক্তিকরণের মানেই হল একশো শতাংশ ঝুঁকিপূর্ণ জনসাধারণ (যারা আসন্ন বিপদের সম্মুখীন হতে পারে) তাদের সকলকে বণ্টনের আওতায় নিয়ে আসা, যেটা অনেক সময়ই সংগ্রহ ও সরবরাহ সমস্যার কারণে সম্ভব হয়ে ওঠেনা। সেক্ষেত্রে স্টকে বাকি থাকা অংশও যাতে ব্যবহার করে নেওয়া যায়, সেটা সংশ্লিষ্ট রাজ্য সরকারের আধিকারিক, সুনিশ্চিত করবেন। সংশ্লিষ্ট রাজ্য সরকারের আধিকারিককে এলএলআইএনের শতকরা 100 ভাগ ব্যবহারের জন্য জনসাধারণকে অবগত করতে হবে, অর্থাৎ কোন একটি এলাকার সব বাসিন্দারা যেন অবশ্যই LLIN ব্যবহার করে। আর তা সত্যিই কার্যকরী হচ্ছে কিনা দেখার জন্য আঞ্চলিক আধিকারিককে নির্ধারিত সূচক যেমন, শতকরা কতগুলো বাড়িতে অন্তত একটা LLIN আছে, একটি বাড়িতে শতকরা কতজনের কাছে LLIN আছে, শতকরা কতজন এলএলআইএনের ভিতরে ঘুমোয় এবং পাঁচ বছরের নীচে বাচ্চাদের মধ্যে শতকরা কত জন এলএলআইএনের ভিতরে ঘুমোয়, ইত্যাদি অনুযায়ী নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। সর্বোচ্চ সাফল্যের জন্য জনসাধারণের শতকরা প্রায় 100 ভাগের অন্তর্ভুক্তিকরণ এবং সেই সাথে অন্ততপক্ষে 80 শতাংশের বেশীর দ্বারা এর ব্যবহার অতি অবশ্যই জরুরি। ব্যবহারকারী এক্ষেত্রে WHO – এর ম্যালেরিয়া নিয়ন্ত্রণে এলএলআইএনের সর্বজনীন কভারেজ অর্জনের জন্য সুপারিশ পড়ে দেখতে পারেন।[5]

### 3.2 সর্বশেষ ব্যবহারকারী বা সুবিধাভোগী অর্থাৎ জনসাধারণ

- ব্যবহারকারী জনসাধারণকে LLIN ব্যবহারের সময়ে লিফলেট (যাতে ব্যবহারের নির্দেশ এবং ব্যবহারের সময়ে নেওয়া সতর্কতা বিবৃত থাকে) এবং যদি কোন IEC উপাদান দেওয়া হয়ে থাকে তাহলে সেগুলো খুব ভালোভাবে পড়ে নিতে হবে।
- ব্যবহারকারী জনসাধারণ যদি কোন রকমের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয়, বিশেষত যদি সেই ব্যবহারকারী প্রথম বারের জন্য LLIN ব্যবহার করছে, তাহলে তাকে বণ্টনের সময়ে দেওয়া নির্দেশ মান্য করতে হবে। ব্যবহারকারী যদি LLIN ব্যবহারের জন্য ক্রমাগত কোন স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয় তাহলে তাকে সেটা সংশ্লিষ্ট জেলাস্তরীয় কিংবা ব্লকস্তরীয় আধিকারিকের নজরে আনতে হবে।
- সংশ্লিষ্ট আধিকারিক LLIN বণ্টনের সময়ে যে যে নির্দেশ দিয়েছেন, ব্যবহারকারীকে LLIN সঠিক ভাবে রাখা এবং সেগুলো ঠিক ভাবে ধোয়ার জন্য সেই সব নির্দেশ মান্য করতে হবে। এলএলআইএনের তিন বছরের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর এলএলআইএনে যেহেতু আর কোন কীটনাশক উপাদান অবশিষ্ট থাকেনা, তাই ব্যবহারকারী তখন সেটিকে স্বাভাবিক জাল হিসেবে সাবধানতার সঙ্গে ব্যবহার করতে পারে।

ম্যালেরিয়া নিয়ন্ত্রণ প্রকল্পে, এলএলআইএনের ব্যবহার সংক্রান্ত যে যে বিষয়গুলিতে জনগণ সাহায্য করতে পারে এবং/অথবা পর্যবেক্ষণ করতে পারে, সেগুলো হলঃ

- নিয়মানুসারে মশারির ন্যায্য বণ্টন
- গ্রহীতারা যাতে মশারি বিক্রি না করে এবং নিজেরা ব্যবহার করে
- কোনরকম অপব্যবহার সম্বন্ধে নির্দিষ্ট আধিকারিকে সতর্ক করা

# পরিশিষ্ট

## পরিশিষ্ট-1: ভারতে নতুন প্রকল্প আনবার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ অনুমোদন/ছাড়পত্রের তালিকা

এই তালিকাটি নীচে দেওয়া লিঙ্কে পাওয়া যাবে

[https://dipp.gov.in/sites/default/files/approval\\_clearances\\_required\\_for\\_new\\_projects.pdf](https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf)

(শেষ বার 10ই মে 2022 এ দেখা হয়েছিলো)

প্রয়োজনীয় অনুমোদন/ছাড়পত্র	যে দপ্তরের কাছে যেতে হবে এবং কথা বলতে হবে
<b>ব্যবসা নথিকরণ</b>	
কোম্পানির অন্তর্ভুক্তিকরণ	কোম্পানির রেজিস্ট্রার
<b>সূচনা/ রাজ্যে একটি ইউনিট এর নথিকরণ</b>	
নথিকরণ/ আইইএম/ ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স	ক্ষুদ্র শিল্পের জন্য জেলা উদ্যোগিক কেন্দ্র/ বৃহৎ এবং মাঝারি শিল্পের জন্য সেক্রেটারিয়েট অফ ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিস্ট্যান্স (SIA)
অর্থনীতি	1। স্টেট ফাইন্যান্সিয়াল কর্পোরেশন/ শর্ত সাপেক্ষ ঋণের জন্য রাজ্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন 2। 15 মিলিয়নের বেশি ঋণের জন্য সর্বভারতীয় অর্থনৈতিক সংস্থা যেমন, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (IDBI), ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট অ্যান্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া (ICICI), ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কর্পোরেশন অফ ইন্ডিয়া (IFCI) ইত্যাদি
<b>চালু হবার পূর্বের অধ্যায়ে</b>	
জমি অধিগ্রহণ	স্টেট ডাইরেকটোরেট অফ ইন্ডাস্ট্রিজ (DI)/ স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (SIDC)/ ইনফ্রাস্ট্রাকচার কর্পোরেশন/ স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (SSIDC)
জমি ব্যবহারের অনুমতি (যদি ইন্ডাস্ট্রি ইন্ডাস্ট্রিয়াল এলাকার বাইরে থাকে)	(রাজ্য DI)/ আঞ্চলিক কর্তৃপক্ষ / জেলা শাসক
লিফট এবং এক্সেলেটরের জন্য অনুমতি	রাজ্যের আঞ্চলিক কর্তৃপক্ষ
বিল্ডিং প্ল্যান অনুমোদন	স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটি/ স্থানীয় সংস্থা
পরিবেশ, বন এবং বন্যপ্রাণী ছাড়পত্র	প্রকল্পের শ্রেণী অনুসারে, স্টেট এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট অথরিটি (এসইআইএএ) বা ভারত সরকারের পরিবেশ মন্ত্রক (MoEFCC),
ওয়াটার এবং এয়ার আইন অনুসারে প্রতিষ্ঠা করবার অনুমতি (এনওসি)	রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ড
ফ্যাক্টরি নকশা প্ল্যান অনুমোদন	রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি
অস্থায়ী ফায়ার অনুমোদন	রাজ্য অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা দপ্তর
বয়লারের অনুমোদন	রাজ্য বয়লার দপ্তর
বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ আইন (বিওসিডব্লিউ), 1996 অনুসারে নথিভুক্তিকরণ	রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি
ঠিকা শ্রমিক আইন, 1970 অনুসারে নথিভুক্তিকরণ	রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি

চালু হবার পরের অধ্যায়ে	
বিপজ্জনক ওয়েস্ট এর জন্য অনুমোদন	রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের কাছে বিপজ্জনক ওয়েস্ট সংগ্রহ, গ্রহণ, ট্রিটমেন্ট, জমা রাখা এবং তারপর তার নিষ্পত্তির জন্য আবেদনপত্র জমা রাখা
বিল্ডিং সম্পূর্ণ হবার শংসাপত্র	স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটি/ স্থানীয় সংস্থা
সর্বশেষ অগ্নি অনুমোদন	রাজ্য অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা দপ্তর
সেন্ট্রাল আবগারি নথিভুক্তিকরণ এবং কাস্টমস	সেন্ট্রাল বোর্ড অফ ইন্ডাইরেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমস
বিদ্যুৎ	স্টেট ইলেকট্রিসিটি ডিসট্রিবিউশন কোম্পানি
শপস অ্যান্ড এসটার্লিসমেন্ট আইন	রাজ্য শ্রম দপ্তর
জলের লাইন	এসআইডিসি/ স্টেট ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন বোর্ড/ সেচ দপ্তর/ সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার কমিশন
কর্মচারী নথিভুক্তিকরণ	এমপ্লয়'স স্টেট ইন্সিওরেন্স কর্পোরেশন (ESIC) এবং এমপ্লয়'স প্রভিডেন্ট ফান্ড অরগানাইসেশন (EPFO)
GST নথিভুক্তিকরণ	GST অনলাইন পোর্টাল বা কেন্দ্রীয় সরকার দ্বারা স্থাপিত GST সেবা কেন্দ্র
আমদানি রপ্তানি কোড	ডিৱেকটোরিট জেনারেল অফ ফরেন ট্রেড (DGFT), শিল্প এবং বানিজ্য মন্ত্রালয়
পেশাদারি করের নথিভুক্তিকরণ	রাজ্য আয়কর দপ্তর
ট্রেডমার্ক/ ব্র্যান্ড নথিভুক্তিকরণ	অফিস অফ দা কেন্ট্রালার জেনারেল অফ প্যাটেন্টস, ডিসাইন অ্যান্ড ট্রেডমার্কস
কনসেন্ট টু অপারেট	রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ড

## পরিশিষ্ট-2 সেন্ট্রাল ইনসেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC) সাথে যোগাযোগের ঠিকানা

### সেন্ট্রাল ইনসেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি

ডিৱেকটোরিট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেন্টাইন অ্যান্ড স্টোরিজ

কৃষি, সহযোগ এবং কৃষি কল্যাণ দপ্তর

ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়

ভারত সরকার

ওল্ড সিজিও কমপ্লেক্স, এন এইচ -4, ফরিদাবাদ, হরিয়ানা - 121001

ওয়েবসাইট : <http://ppqs.gov.in/contactus/central-insecticide-board-and-registration-committee-cibrc>

যোগাযোগকারী ব্যক্তির নাম

সচিব, CIB&RC

Tel: +91-1292413002/1292476210

E-mail: [cibsecy@nic.in](mailto:cibsecy@nic.in)



## পরিশিষ্ট-3

রেজিস্ট্রেশনের আবেদনপত্র জমা দেওয়ার পরে কীটনাশক রেজিস্ট্রেশনের সময়সীমা (কীটনাশক আইন, 1968 এর ধারা 9 অনুসারে)

আবেদনের পরে সাধারণত, রেজিস্ট্রেশনের প্রক্রিয়া 12 থেকে 18 মাস সময় নেয় (যদি কোন ডেটার ঘাটতি থাকে তার উপর নির্ভর করে)।

### কীটনাশক আইন, 1968 এর ধারা 9(3) অনুসারে

যেকোনো কীটনাশক নথিভুক্তিকরণের আবেদন জমা হওয়ার পর, কমিটি যাবতীয় অনুসন্ধান চালিয়ে যদি সন্তুষ্ট হয় যে, যে কীটনাশকের জন্য আবেদন জমা করা হয়েছে, তা আমদানিকারক কিংবা উৎপাদকের দাবীর সঙ্গে মিলে যাচ্ছে, অর্থাৎ সেটিতে কীটনাশকের কার্যকারিতা আছে এবং সেটি মানুষ এবং পশু উভয়ের জন্য নিরাপদ, তাহলে নথিভুক্তিকরণ (কিছু নির্দিষ্ট শর্তাবলীর ভিত্তিতে) এবং নির্ধারিত টাকা জমা দেওয়ার পর, আবেদনপত্র জমা দেবার বারো মাসের মধ্যে কীটনাশকটিকে একটি রেজিস্ট্রেশন নম্বর দেবে এবং নথিভুক্তিকরণের শংসাপত্র জারি করবে:

কমিটি যদি নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের কাছে জমা দেওয়া কাগজপত্রের ভিত্তিতে কোন সিদ্ধান্তে না পৌছতে পারে, তবে সেক্ষেত্রে সময়সীমা আরও 6 মাস অবধি বাড়ানো যেতে পারে।

## পরিশিষ্ট-4: ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড এর সাথে যোগাযোগ করার ঠিকানা

### ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড

রুম নম্বর – 560, মানকালয়

9, বাহাদুর শাহ জফার মার্গ

নিউ দিল্লি – 110002

ওয়েবসাইট : <https://www.bis.gov.in/>

Ph: +91-11-23230131

Email: [info@bis.gov.in](mailto:info@bis.gov.in)

## পরিশিষ্ট-5 সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি র সাথে যোগাযোগের ঠিকানা

### সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি

(ভারত সরকারের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অন্তর্গত একটি স্বশাসিত অস্তিত্ব)

দ্বিতীয় তল, বিশ্ব যুবক কেন্দ্র

পণ্ডিত উমাশঙ্কর দীক্ষিত মার্গ

তিন মূর্তি রোড

চানক্যপুরী পুলিশ থানার বিপরীতে

নিউ দিল্লি – 110021

ওয়েবসাইট : [www.cmss.gov.in](http://www.cmss.gov.in)

Tel: +91-11-21410905/6



## পরিশিষ্ট-6 ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর যোগাযোগের ঠিকানা

ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল

ডিরেকটরেট জেনারেল অফ হেলথ সার্ভিসেস

স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ভারত সরকার

22, শ্যাম নাথ মার্গ, নিউ দিল্লি – 110054

(ল্যান্ডমার্ক - আই পি কলেজ, সিভিল লাইন মেট্রো স্টেশনের কাছে)

Phone: +91-11-23967745, 23967780

Email: [nvbdc-mohfw@nic.in](mailto:nvbdc-mohfw@nic.in)

Website: <https://nvbdc.gov.in/>

DO NOT PRINT

## सम्पद

1. List of approvals and clearances required for new projects in India provided by the Department for Promotion of Industry and Internal Trade (DPIIT).  
[https://dipp.gov.in/sites/default/files/approval\\_clearances\\_required\\_for\\_new\\_projects.pdf](https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf)  
[Last Accessed: 10 May 2022]
2. Steps involved in the regulatory process for establishing a production unit in India are available on the following websites.  
<https://www.investindia.gov.in/> [Last Accessed: 10 May 2022]  
<https://dipp.gov.in/> [Last Accessed: 10 May 2022]
3. Guidelines for minimum infrastructure to be created by the producers of pesticides and their formulations to meet the requirements for the issue of manufacturing license by licensing authority of the respective states.  
<http://ppqs.gov.in/sites/default/files/c12011.doc> [Last Accessed: 10 May 2022]
4. (Example) Regulatory requirements for establishing a pesticide manufacturing facility in the State of Maharashtra.  
<https://maitri.mahaonline.gov.in/> [Last Accessed: 10 May 2022]
5. General guidelines for registration of insecticides under the Insecticides Act, 1968 are given on the website.  
<http://ppqs.gov.in/divisions/central-insecticides-board-registration-ommittee/registration-procedure>  
[Last Accessed: 10 May 2022]
6. Guidelines on registration of LLINs under **Section 9(3)**.  
[http://ppqs.gov.in/sites/default/files/1\\_142011.doc](http://ppqs.gov.in/sites/default/files/1_142011.doc) [Last Accessed: 10 May 2022]
7. Checklist for registration under **Sections 9(3)**.  
<http://ppqs.gov.in/divisions/cib-rc/checklist> [Last Accessed: 10 May 2022]
8. Good labelling practices for pesticides recommended by World Health Organization (WHO).  
<https://www.who.int/publications/i/item/9789241509688> [Last Accessed: 10 May 2022]
9. Recommendations on the Sound Management of Packaging for Long Lasting Insecticidal Nets (LLINs).  
<https://apps.who.int/iris/bitstream/handle/10665/338356/WHO-HTM-GMP-MPAC-2014.1-eng.pdf?sequence=1&isAllowed=y> [Last Accessed: 10 May 2022]
10. WHO prequalified vector control products.  
<https://extranet.who.int/pqweb/vector-control-products/prequalified-product-list>  
[Last Accessed: 10 May 2022]  
Prerequisites for prequalification vector control on the WHO website. <https://extranet.who.int/pqweb/vector-control-products> [Last Accessed: 10 May 2022]
11. **Plastic Waste Rules, 2016.**  
<https://www.egazette.nic.in/WriteReadData/2016/168620.pdf>  
[Last Accessed: 05 Jan 2022]

12. **Insecticide Rules, 1971.**  
[http://ppqs.gov.in/sites/default/files/insecticides\\_rules\\_1971.pdf](http://ppqs.gov.in/sites/default/files/insecticides_rules_1971.pdf)  
[Last Accessed: 10 May 2022]
13. Packages containing insecticides shall be packed in accordance with the conditions specified in the Red Tariff, issued by the Ministry of Railways.  
<https://indianrailways.gov.in/railwayboard/uploads/Download%20File.pdf>  
[Last Accessed: 10 May 2022]
14. Latest Standard Operating Procedure for introduction of public health pesticides under NVBDCP.  
[https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20\(SOP\)%20%20for%20introduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf](https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20introduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf) [Last Accessed: 10 May 2022]
15. Sample CMSS bidding document.  
<http://cmss.gov.in/sites/default/files/Tender%20LLIN-1.pdf> [Last Accessed: 10 May 2022]
16. **Indian Contract Act, 1872.**  
<https://www.indiacode.nic.in/handle/123456789/2187?locale=en> [Last Accessed: 10 May 2022]
17. Operation Manual for Malaria Elimination in India 2016.  
<https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf> [Last Accessed: 10 May 2022]

DO NOT PRINT

DO NOT PRINT

DO NOT PRINT



DO NOT PRINT